রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২০, ২০০৮

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ০৫ কার্তিক ১৪১৫ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৩-আইন/২০০৮।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ১৬ নং অধ্যাদেশ) এর ধারা ১২১ এর উপ-ধারা (১) (খ), ধারা ৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি উক্ত বিধিমালার—

১। **বিধি ৬ এর সংশোধন।**—বিধি ৬ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) যেক্ষেত্রে নির্বাচন কমিশন উপ-বিধি (১) এর বিধান অনুসারে কোন কর্মকর্তা বা কর্মচারীকে প্রত্যাহার করে, সেক্ষেত্রে—

(ক) নির্বাচন কমিশন, উক্ত কর্মকর্তা বা কর্মচারীকে তৎক্ষণাৎ উক্ত ভোটকেন্দ্র বা নির্বাচনী এলাকা ত্যাগ করিবার এবং নির্দিষ্ট সময় পর্যন্ত নির্বাচনী এলাকার বাহিরে থাকিবার নির্দেশ দিতে পারিবে;

(খ) দফা (ক) এ প্রদত্ত নির্দেশের প্রেক্ষিতে যদি উক্ত কর্মকর্তা বা কর্মচারী সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় অন্য কোন সরকারী দায়িত্ব পালনরত থাকেন, তাহা হইলে, তাহার নিয়োগকারী কর্তৃপক্ষ তাহার ছুটি বা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।"।

মূল্য ঃ টাকা ৪.০০

২। **বিধি ৮ এর সংশোধন**।—বিধি ৮ এর উপ-বিধি (৪) এর প্রথম লাইনে "নির্বাচন" শব্দটির পরিবর্তে "ভোটগ্রহণ" শব্দটি এবং দ্বিতীয় লাইনে "বিধানের" শব্দটির পরিবর্তে "রক্ষার" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। **বিধি ২৫ এর সংশোধন**।—বিধি ২৫ এর উপ-বিধি (১) এর প্রথম লাইনে "নির্বাচন" শব্দটির পরিবর্তে "ভোটগ্রহণ" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **বিধি ২৯ এর সংশোধন**।—বিধি ২৯ এর উপ-বিধি (১), (২) ও (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১), (২) ও (৩) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) মেয়র নির্বাচনের উদ্দেশ্যে ভোট চিহ্নিত করিবার জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম ও প্রতীকসহ ফরম "ছ" তে তফসিল-২ এ উল্লিখিত প্রতীকসমূহ হইতে প্রয়োজনীয় সংখ্যক প্রতীক এবং বিধি ১৯ এর উপ-বিধি (৩) এর অধীন নির্বাচন কমিশন কোন প্রতীক যোগ করিলে, ক্ষেত্রমত, উহাও উক্ত ফরমে ছাপাইতে হইবে।

(২) সংরক্ষিত আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে ভোট চিহ্নিত করিবার জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম ও প্রতীকসহ ফরম "ছ-১" তে তফসিল-৩ এ উল্লিখিত প্রতীকসমূহ হইতে প্রয়োজনীয় সংখ্যক প্রতীক এবং বিধি ১৯ এর উপ-বিধি (৩) এর অধীন নির্বাচন কমিশন কোন প্রতীক যোগ করিলে, ক্ষেত্রমত, উহাও উক্ত ফরমে ছাপাইতে হইবে।

(৩) সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে ভোট চিহ্নিত করিবার জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম ও প্রতীকসহ ফরম "ছ-২" তে তফসিল-৪ এ উল্লিখিত প্রতীকসমূহ হইতে প্রয়োজনীয় সংখ্যক প্রতীক এবং বিধি ১৯ এর উপ-বিধি (৩) এর অধীন নির্বাচন কমিশন কোন প্রতীক যোগ করিলে, ক্ষেত্রমত, উহাও উক্ত ফরমে ছাপাইতে হইবে।"।

৫। **বিধি ৩৭ এর সংশোধন**।—বিধি ৩৭ এর চতুর্থ লাইনে "অন্য" শব্দটির পর কমা [,] চিহ্নটি বিলুপ্ত হইবে।

৬। **বিধি ৪১ এর সংশোধন**।—বিধি ৪১ এর উপ-বিধি (৩) এর দফা (ছ) এ "সরকারী সীলমোহর, ভোট মার্কিং সীল ও ব্রাস সীল" শব্দগুলির পরিবর্তে "সরকারী সীলমোহর ও ভোট মার্কিং সীল" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **বিধি ৫০ এর সংশোধন**।—বিধি ৫০ এর উপ-বিধি (৩) এর দফা (ছ) বিলুপ্ত হইবে এবং দফা (ণ) এর তৃতীয় ও চতুর্থ লাইনে উল্লিখিত "অনধিক" শব্দটি বিলুপ্ত হইবে।

৮। **বিধি ৫২ এর সংশোধন**।—বিধি ৫২ এর উপ-বিধি (১) এর দ্বিতীয় লাইনে সংখ্যা "৪৩" এর পরিবর্তে সংখ্যা "৪৪" প্রতিস্থাপিত হইবে।

৯। **বিধি ৭৮ এর সংশোধন**।—বিধি ৭৮ এর উপ-বিধি (২) এর চতুর্থ লাইনে 'কারাদণ্ডে' শব্দটির পর উল্লিখিত "বা" শব্দটি বিলুপ্ত হইবে।

১০। **বিধি ৮০ এর সংশোধন**।—বিধি ৮০ এর দফা "(অ), (আ), (ই) ও (ঈ)" যথাক্রমে দফা "(ক), (খ), (গ) ও (ঘ)" হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে।

১১। **বিধি ৮৪ এর সংশোধন**।—বিধি ৮৪ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (ঘ) এ উল্লিখিত "দুইটির" শব্দটির পরিবর্তে "তিনটির" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (১) এর দফা (ঙ) এর তৃতীয় লাইনে উল্লিখিত "ষোল হাজার" শব্দগুলির পরিবর্তে "পনের হাজার এক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৬) এর তৃতীয় লাইনে উল্লিখিত সংখ্যা "৭০" এর পরিবর্তে সংখ্যা "৭১" প্রতিস্থাপিত হইবে।

১২। **বিধি ৮৬ এর সংশোধন**।—বিধি ৮৬ এর দফা (ক) এ সংখ্যা ৭৮ এর পর উল্লিখিত "দফা" শব্দটি বিলুপ্ত হইবে।

১৩। **বিধি ৮৭ এর সংশোধন**।—বিধি ৮৭ এর—

(ক) উপান্তটীকায় উল্লিখিত "মেয়াদ" শব্দটির পরিবর্তে "সময়সীমা" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এর তৃতীয় লাইনে উল্লিখিত 'মধ্যে' শব্দটির পর "উক্ত মামলা" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১৪। **বিধি ৮৮ এর সংশোধন**।—বিধি ৮৮ এর উপ-বিধি (২) এর দ্বিতীয় লাইনে "মূল্যের" শব্দটির পরিবর্তে "ভাড়ার" শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং শর্তাংশের তৃতীয় লাইনে উল্লিখিত "বিষয়টি" শব্দটি এবং চতুর্থ লাইনে উল্লিখিত "পরিমাণে" শব্দটি বিলুপ্ত হইবে।

১৫। **তফসিল-১ এর সংশোধন**।—তফসিল-১ এর—

(ক) ফরম ঞ, ঞ-১ ও ঞ-২ এর পরিবর্তে নিম্নরূপ ফরম ঞ, ঞ-১ ও ঞ-২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

নি ক মনোগ্রাম

"ফরম-ঞ

[বিধি ৪০ দ্রষ্টব্য]

মেয়র পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রাপ্ত বৈধ ভোটের বিবরণ

[ ] সিটি কর্পোরেশন [ ][ ][ ] নম্বর ওয়ার্ড

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

ক্রমিক নম্বর	প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম	প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীক	আপত্তিকৃত বৈধ ভোটসহ প্রাপ্ত বৈধ ভোটের সংখ্যা			অবৈধ ভোটের সংখ্যা	বৈধ ও অবৈধ ভোটের মোট সংখ্যা
			বৈধ ভোট	আপত্তিকৃত বৈধ ভোট	মোট		
১	২	৩	৪(ক)	৪(খ)	৪(গ)	৫	৬
১।							
২।							
৩।							
৪।							
৫।							

তারিখ ঃ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর

নি ক মনোগ্রাম

ফরম-ঞ-১

[বিধি ৪০ দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রাপ্ত বৈধ ভোটের বিবরণ

(যেই ক্ষেত্রে একটি ওয়ার্ডের জন্য একাধিক ভোটকেন্দ্র)

[ ] সিটি কর্পোরেশন [ ] নম্বর সংরক্ষিত ওয়ার্ড [ ] থানা

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

ক্রমিক নম্বর	প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম	প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীক	আপত্তিকৃত বৈধ ভোটসহ প্রাপ্ত বৈধ ভোটের সংখ্যা			অবৈধ ভোটের সংখ্যা	বৈধ ও অবৈধ ভোটের মোট সংখ্যা
			বৈধ ভোট	আপত্তিকৃত বৈধ ভোট	মোট		
১	২	৩	৪(ক)	৪(খ)	৪(গ)	৫	৬
১।							
২।							
৩।							
৪।							
৫।							

তারিখ ঃ [ ] দিন [ ] মাস [ ] বৎসর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর

নি ক মনোগ্রাম

ফরম-ঞ-২

[বিধি ৪০ দ্রষ্টব্য]

সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রাপ্ত বৈধ ভোটের বিবরণ

(যেই ক্ষেত্রে একটি ওয়ার্ডের জন্য একাধিক ভোটকেন্দ্র)

[ ] সিটি কর্পোরেশন [ ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] থানা

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

ক্রমিক নম্বর	প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম	প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীক	আপত্তিকৃত বৈধ ভোটসহ প্রাপ্ত বৈধ ভোটের সংখ্যা			অবৈধ ভোটের সংখ্যা	বৈধ ও অবৈধ ভোটের মোট সংখ্যা
			বৈধ ভোট	আপত্তিকৃত বৈধ ভোট	মোট		
১	২	৩	৪(ক)	৪(খ)	৪(গ)	৫	৬

১।
২।
৩।
৪।
৫।

তারিখ ঃ [ ] দিন [ ] মাস [ ] বৎসর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ";

(গ) ফরম-ঢ এর "চ অংশ" এর সর্বশেষে উল্লিখিত "প্রতিদ্বন্দ্বী প্রার্থীর স্বাক্ষর/টিপসহি" শব্দগুলি হইতে "প্রতিদ্বন্দ্বী" শব্দটি বিলুপ্ত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মুহম্মদ হুমায়ুন কবির
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।